প্রস্তাবিত

# সমন্বিত পরিকল্পনা

## 2024
## বার্ষিক কর্ম পরিকল্পনা

**Eric Adams**
মেয়র, নিউ ইয়র্ক সিটি

**Daniel Steinberg**
পরিচালক, মেয়রের কার্যালয়

Mayor's Office of Operations

20 জুন, 2024 তারিখ থেকে কার্যকর

# সমন্বিত পরিকল্পনা

2024

**Eric Adams**
মেয়র, নিউ ইয়র্ক সিটি

**Daniel Steinberg**
পরিচালক, মেয়রের কার্যালয়

Mayor's Office of
Operations

# সারসংক্ষেপ

## AP-05 সারসংক্ষেপ - 24 CFR 91.200(c), 91.220(b)

**1.** ভুমিকা

প্রস্তাবিত 2024 সালের **সমন্বিত** পরিকল্পনা এক-বছরের কর্ম পরিকল্পনা ("প্রস্তাবিত কর্ম পরিকল্পনা") হলো নিউ ইয়র্ক সিটির চারটি কার্যালয়ের এলাকাভিত্তিক জনগণের উন্নয়ন ও পরিকল্পনা বিষয়ক ফেডারেল কর্মসূচির জন্য যুক্তরাষ্ট্রের আবাসন ও নগর উন্নয়ন মন্ত্রণালয় (HUD)-এর কাছে করা বার্ষিক আবেদন: স্থানীয় জনগণের উন্নয়নের জন্য ব্লক অনুদান (CDBG), HOME বিনিয়োগ অংশীদারত্ব (HOME), জরুরি সমাধান অনুদান (ESG) এবং এইডস আক্রান্ত ব্যক্তিদের জন্য আবাসন সুযোগ (HOPWA)।

উপরন্তু, প্রস্তাবিত কর্ম পরিকল্পনা শুধুমাত্র ফেডারেল সরকারের তহবিলের জন্য সিটির আবেদন হিসেবে নয়, বরং নিউ ইয়র্ক HOPWA যোগ্য মহানগর স্ট্যাটিস্টিক্যাল এলাকা (EMSA)-র জন্য HOPWA অনুদানের আবেদন হিসেবেও কাজ করে। ব্যবস্থাপনা ও বাজেট কার্যালয় দ্বারা জারি করা মহানগর স্ট্যাটিস্টিক্যাল এলাকা (OMB বুলেটিন নং 18-04) সংশোধনের ফলে নিউ ইয়র্ক-নেওয়ার্ক-জার্সি সিটির মধ্যে মেট্রোপলিটন বিভাগগুলির গঠন, NY-NJ-PA মহানগর স্ট্যাটিস্টিক্যাল এলাকা (MSA) পরিবর্তিত হয়েছে যা ফেডারেল অর্থ বছর (FFY) 2022 কে প্রভাবিত করেছে। OMB বুলেটিন নং 18-04 এবং 42 U.S.C. 12903(c)(2)(B) অনুযায়ী FFY 2022 নিউ ইয়র্ক সিটির HOPWA EMSA এখতিয়ার এবং পরবর্তী বরাদ্দের মধ্যে নিম্নলিখিত কাউন্টিগুলি অন্তর্ভুক্ত রয়েছে: ব্রঙ্কস কাউন্টি, নিউ ইয়র্ক; কিংস কাউন্টি, নিউ ইয়র্ক; নিউ ইয়র্ক কাউন্টি, নিউ ইয়র্ক; পুটনাম কাউন্টি, নিউ ইয়র্ক; কুইন্স কাউন্টি, নিউ ইয়র্ক; রিচমন্ড কাউন্টি, নিউ ইয়র্ক; রকল্যান্ড কাউন্টি, নিউ ইয়র্ক; এবং ওয়েস্টচেস্টার কাউন্টি, নিউ ইয়র্ক।

2024 কর্মসূচি বছরের জন্য, সিটি চারটি HUD ফর্মুলা অনুদান কর্মসূচির জন্য ফেডারেল তহবিল থেকে $297,908,307 পেয়েছে: CDBG-এর জন্য $171,459,454; HOME-এর জন্য $65,955,937; HOPWA-এর জন্য $45,621,999 এবং ESG-এর জন্য $14,870,917।

**2.** পরিকল্পনায় চিহ্নিত উদ্দেশ্য ও ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ

| **HUD** কৌশলগত উদ্দেশ্যগুলির তালিকা- শুধু **CDBG** | |
|---|---|
| **DH-1: প্রতিবন্ধী, গৃহহীন ও দৈব কারণে বাস্তুহারা ব্যক্তিদের জন্য যথোপযুক্ত ও সাশ্রয়ী মুল্যর আবাসন সুবিধা প্রদানের উদ্দেশ্যে বরাদ্দ** | **$28,356,000** |
| 4 কর্মসূচিগুলি প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রবেশ ও বসবাসযোগ্য আবাসন, আগুন বা অন্যান্য জরুরি পরিস্থিতিতে বাস্তুচ্যুত ব্যক্তিদের জন্য নিরাপদ আবাসন প্রদান এবং গৃহহীন পরিবারের জন্য স্থায়ী সাশ্রয়ী আবাসন খোঁজার উপর দৃষ্টি নিবদ্ধ করে। | |
| **DH-3:** যথোপযুক্ত ও সাশ্রয়ী মুল্যর আবাসন প্রদানের উদ্দেশ্যে টেকসই গৃহ নির্মাণ বাবদ | **$180,107,000** |
| 6 এই কর্মসূচিগুলি আবাসন কোডের লঙ্ঘন, জরুরি মেরামত এবং/অথবা মাঝারি পুনর্বাসন (moderate rehabilitation) কর্মসূচি সম্পাদন করে আবাসনের গুণমান উন্নত করার উপর দৃষ্টি নিবদ্ধ করে। | |
| **EO-1:** অর্থনৈতিক সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ বাবদ | **$2,785,000** |
| 1 কর্মসূচিগুলি নিম্ন এবং মাঝারি আয়ের এলাকায় বাণিজ্যিক জেলাগুলিকে পুনরুজ্জীবিত করা এবং স্থানীয় উন্নয়ন কর্পোরেশন এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলির সক্ষমতা বৃদ্ধির উপর দৃষ্টি নিবদ্ধ করে৷ | |
| **EO-2:** অর্থনৈতিক সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে বিনামূল্যে শিক্ষা পরিষেবা বাবদ | **$4,524,000** |
| 1 কর্মসূচিটি স্বল্প আয়ের পরিবার বা ব্যক্তিকে বিনামূল্যে শিক্ষা পরিষেবাগুলি দিয়ে থাকে। | |
| **SL-1:** উপযুক্ত বসবাসের পরিবেশ সৃষ্টির উদ্দেশ্যে বিভিন্ন পরিষেবা, কার্যক্রম ও স্থাপনা তৈরি বাবদ | **$12,531,000** |
| 5 কর্মসূচিগুলি বিনোদনমূলক কার্যক্রম, গৃহহীন ব্যক্তিদের জন্য পরিষেবা, গার্হস্থ্য সহিংসতা এবং অন্যান্য অপরাধের শিকারদের জন্য পরিষেবা এবং কমিউনিটি সেন্টার পরিচালনা ইত্যাদি প্রদান করে। | |
| **SL-2:** উপযুক্ত বসবাসের পরিবেশ সৃষ্টির উদ্দেশ্যে খাদ্য নিরাপত্তাহীনদের জন্য খাদ্য সহায়তা বাবদ | **$187,000** |
| 1 কর্মসূচিটি বিনামূল্যে খাদ্য নিরাপত্তাহীনতার মধ্যে থাকা জনগোষ্ঠীকে বিনামূল্যে খাদ্য প্রদান করে। | |
| **SL-3:** উপযুক্ত বসবাসের পরিবেশ সৃষ্টির উদ্দেশ্যে টেকসই ভবনের নিশ্চয়তা বিধান বাবদ | **$10,211,000** |
| 3 এই কর্মসূচিগুলি সিটির সরকারি ভবনগুলিতে আইনের লঙ্ঘন সংশোধন বা প্রতিরোধ, বিপজ্জনক কাঠামো ভেঙে ফেলা এবং ঐতিহাসিক স্থাপনাগুলির উন্নয়নের উপর দৃষ্টি নিবদ্ধ করে। | |
| প্রযোজ্য নয় – পরিকল্পনা/ প্রশাসন | **$37,269,000** |
| 5 পরিকল্পনা বা প্রশাসনিক কর্মকাণ্ড হিসেবে শ্রেণীবদ্ধ করা কর্মসূচিগুলি, যেগুলির HUD-র কৌশলগত উদ্দেশ্য পূরণের প্রয়োজন হয় না, তবে এগুলি নানা সুবিধা প্রদান করে যেমন বৈষম্যমুক্ত আবাসন অধিকারকে এগিয়ে নেওয়া, ঐতিহাসিক মর্যাদার জন্য বিভিন্ন ভবন মূল্যায়ন এবং মনোনীত করা, খালি বাসা এবং মানুষের ব্যয় সামর্থ্যের উপরে গবেষণা করা, এলাকাব্যাপী পরিকল্পনা গবেষণাকে সহায়তা করা এবং নিশ্চিত করা যে CDBG তহবিলগুলি ফেডারেল বিধি-বিধানগুলি মেনে ব্যবহার করা হচ্ছে। | |
| **মোট** | **$275,970,000** |

<u>বিনিয়োগ অংশীদারত্ব (HOME)</u>

নিরাপদ এবং পরিচ্ছন্ন সাশ্রয়ী আবাসন সুবিধা পাওয়ার আওতা সম্প্রসারণের উদ্দেশ্য পূরণ করতে HOME কর্মসূচি 2024 সালে নিম্নলিখিত কর্মসূচিগুলিকে অর্থায়ন করবে:

- আশা করা যাচ্ছে যে দুটি কর্মসূচি যথোপযুক্ত ও সাশ্রয়ী মূল্যে আবাসন সুবিধা প্রদানের উদ্দেশ্যে ক্রমান্বয়ে মোট $55,151,760 পাবে৷
- আশা করা যাচ্ছে যে একটি কর্মসূচি যথোপযুক্ত ও সাশ্রয়ী মূল্যের আবাসন প্রদানের উদ্দেশ্যে ক্রমান্বয়ে মোট $20,000,000 পাবে।

- HOME তহবিলের অবশিষ্ট অংশ, প্রায় $8,350,196, কর্মসূচি প্রশাসন এবং পরিকল্পনার জন্য ব্যবহার করা হবে এবং তাই এটি HUD সংজ্ঞায়িত ফলাফল/উদ্দেশ্য বিবৃতিতে প্রযোজ্য নয়।

জরুরি সমাধান অনুদান (ESG)

- আশা করা যাচ্ছে যে একটি কর্মসূচি জরুরি আশ্রয়কেন্দ্রে গৃহহীনতার সম্মুখীন প্রাপ্তবয়স্ক ব্যক্তি যাদের নাবালক শিশু নেই তাদের পরিষেবা প্রদানের উদ্দেশ্যে ক্রমান্বয়ে মোট $7,529,019 পাবে।

- আশা করা যাচ্ছে যে একটি কর্মসূচি আশ্রয়হীনতা ও গৃহহীনতার সম্মুখীন ব্যক্তিদের জন্য রাস্তায় সরাসরি সেবা এবং ড্রপ-ইন পরিষেবা প্রদানের উদ্দেশ্যে, আশ্রয় ও গৃহহীনদের জন্য অস্থায়ী এবং স্থায়ী আবাসনে স্থান নির্ধারণের সুবিধার্থে মোট $904,695 পাবে।
- আশা করা যাচ্ছে যে একটি কর্মসূচি সম্প্রদায়-ভিত্তিক সংস্থাগুলির মাধ্যমে গৃহহীনতা প্রতিরোধে পরিষেবা প্রদানের উদ্দেশ্যে মোট $3,095,370 পাবে।

- ESG তহবিলের অবশিষ্টাংশ, আনুমানিক $3,341,833, গৃহহীন ব্যবস্থাপনা তথ্য ব্যবস্থা HMIS কার্যক্রমের জন্য ব্যবহার করা হবে, যার মধ্যে রয়েছে চলমান সমন্বিত মূল্যায়ন এবং স্থাপন ব্যবস্থা CAPS ও NYC-র সমন্বিত প্রবেশ ব্যবস্থার উন্নয়ন, গৃহহীনতার সম্মুখীন ব্যক্তিদের মূল্যায়ন, সংযোগ এবং তাদেরকে স্থায়ী বাসস্থানে রাখার উদ্দেশ্যে ব্যবহার করা হবে ।

এইডস আক্রান্ত ব্যক্তির জন্য আবাসন সুযোগ (HOPWA)

স্বল্প আয়ের এইচআইভি/এইডস আক্রান্ত ব্যক্তি (PLWHA)-র জন্য স্থায়ী সহায়ক আবাসন, ভাড়াটিয়া-ভিত্তিক ভাড়া সহায়তা, স্থায়ী আবাসনে রাখা এবং গৃহহীনতা প্রতিরোধের লক্ষ্যগুলি পূরণ করতে, HOPWA কর্মসূচিটি স্বল্প-আয়ের PLWHA -কে সাশ্রয়ী মূল্যের আবাসন সরবরাহের আশু প্রয়োজন মেটানোর অভিপ্রায়ে নিউ ইয়র্ক সিটির EMSA জুড়ে প্রায় 3,000 পরিবারকে বার্ষিক পরিষেবা দিতে ইচ্ছুক।

বিশেষ করে 2024 সালে:

- তিনজন প্রকল্প সমন্বয়ক লোয়ার হাডসন ভ্যালিতে ভাড়াটিয়া-ভিত্তিক ভাড়া সহায়তা প্রদানের মাধ্যমে স্বল্প-আয়ের PLWHA-এর মধ্যে গৃহহীনতা প্রতিরোধে নজর দেবে।

- একজন প্রকল্পের সমন্বয়ক স্বল্প-আয়ের PLWHA -এর মধ্যে গৃহহীনতা হ্রাস করবে, স্বল্প-আয়ের PLWHA -এর মধ্যে আবাসন স্থিতিশীলতা বৃদ্ধি করবে এবং NYC মহানগর এলাকায় স্থায়ী আবাসন স্থাপনের মাধ্যমে স্বল্প-আয়ের PLWHA -এর মধ্যে যত্ন ও পরিচর্যা পরিস্থিতির উন্নয়ন ঘটাবে।
- তেরোটি প্রকল্পের সমন্বয়ক স্বল্প-আয়ের PLWHA-এর মধ্যে আবাসন স্থিতিশীলতা বাড়াবে এবং NYC মহানগর এলাকায় স্থায়ী স্থিতিশীল আবাসন এবং সহায়তা পরিষেবা সরবরাহের মাধ্যমে তাদের মধ্যে যত্ন ও পরিচর্যা পরিস্থিতির উন্নয়ন ঘটাবে।

HOPWA পরিবারের প্রস্তাবের অনুরোধ (RFP) প্রকাশ করা হয়েছে এবং 3 জন প্রকল্পের সমন্বয়ককে চিহ্নিত করা হয়েছে যারা NYC মহানগর এলাকায় HOPWA যোগ্য 90 টি পরিবারকে সহায়তা করছে। 2 বা ততোধিক শয়নকক্ষ প্রয়োজন এমন পরিবারের জন্য খরচ প্রাপ্তবয়স্ক একজন সদস্যের পরিবারের চেয়ে বেশি। তাই, এই অপেক্ষাকৃত বড় পরিবারগুলির জন্য নিরাপদ, স্থিতিশীল এবং বাসযোগ্য আবাসন ভাড়া দেওয়ার ক্ষমতার জন্য এই চুক্তিগুলির একটি বর্ধিত সর্বোচ্চ ব্যয়পরিশোধযোগ্য পরিমাণ (MRA) রয়েছে।

- HOPWA প্রাপ্তবয়স্ক এক ব্যক্তির পরিবারের RFP 15 মে, 2024-এ প্রকাশিত হয়েছিল। উপরে উল্লিখিত RFP-এর মতো, উচ্চ আবাসন খরচ এবং NYC-তে স্টুডিও এবং একটি শোবার ঘরের বাসার সীমিত সরবরাহের জন্য MRA আগের পরিমাণ থেকে উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করা হয়েছিল। এই RFP 20টি চুক্তির জন্য, প্রতিটিতে 20টি পরিবার, মোট 400টি পরিবারের জন্য ব্যয় করা হবে। 6টি অগ্রাধিকারপ্রাপ্ত জনগোষ্ঠী রয়েছে: প্রাপ্তবয়স্ক নিঃসঙ্গ ব্যক্তি, 18-26 বছরের মধ্যে প্রাপ্তবয়স্ক ব্যক্তি, 55 বছরের বেশি বয়সী প্রাপ্তবয়স্ক, সম্প্রতি যারা কারাগারে বন্দি ছিল, যাদের মানসিক স্বাস্থ্য সমস্যা নির্ণয় রয়েছে এবং যাদের মাদক ব্যবহারের ইতিহাস রয়েছে।

## 3. অতীত কার্যসম্পাদন মূল্যায়ন

সিটি সরকারের 2023 সালের সমন্বিত পরিকল্পনা বার্ষিক কার্যসম্পাদন প্রতিবেদন (CAPER) দেখতে পারেন মেয়রের কার্যালয়ের ওয়েবসাইটে।

HOPWA ফর্মুলা ফেডারেল তহবিলের অতীত কার্যসম্পাদনের উপর নিউ ইয়র্ক সিটির মূল্যায়নের জন্য অনুগ্রহ করে সিটির 2023 HOPWA CAPER দেখুন।

## 4. নাগরিক অংশগ্রহণের প্রক্রিয়া এবং পরামর্শ প্রক্রিয়ার সারাংশ

সিটি সরকার জনসাধারণকে বিভিন্ন বিজ্ঞপ্তির মাধ্যমে অবহিত করে। 2024 সালের প্রস্তাবিত বার্ষিক কর্ম পরিকল্পনার উপরে জনসাধারণের পর্যালোচনাকালে মন্তব্য করার জন্য ইমেইলের মাধ্যমে1,300 টিরও বেশি বিজ্ঞপ্তি পাঠিয়ে নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের, সংস্থাগুলি এবং সরকারি কর্মকর্তাদেরকে আমন্ত্রণ করা হয়েছিল।

এছাড়াও, গণশুনানি সংক্রান্ত বিজ্ঞপ্তি শহরজুড়ে প্রচারিত তিনটি স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত হয়েছিল: একটি ইংরেজি, একটি স্প্যানিশ এবং একটি চাইনিজ-ভাষা দৈনিক।

তদুপরি, বিজ্ঞপ্তিটি মেয়রের কার্যালয়ের ওয়েবসাইটে পোস্ট করা হয়েছিল। জনসাধারণের পর্যালোচনা এবং ডাউনলোডের জন্য 2024 সালের প্রস্তাবিত বার্ষিক কর্ম পরিকল্পনার একটি পিডিএফ সংস্করণ মেয়রের কার্যালয়ের ওয়েবসাইট পোস্ট করা হয়েছে।

*প্রস্তাবিত 2024 সালের বার্ষিক কর্ম পরিকল্পনা প্রণয়নের* উপর জনসাধারণের মন্তব্য করার জন্য মেয়রের কার্যালয় 30-দিনের সময়কাল ঘোষণা করেছে এবং তা হলো বৃহস্পতিবার, 14মার্চ, 2024 থেকে শুক্রবার, 12 এপ্রিল, 2024। *প্রস্তাবিত 2024 সালের বার্ষিক কর্ম পরিকল্পনা প্রণয়নের* উপর বৃহস্পতিবার, 4 এপ্রিল সন্ধ্যা 6:00-7:00 টা পর্যন্ত একটি ভার্চুয়াল শুনানি অনুষ্ঠিত হয়েছিল।

মেয়রের কার্যালয় জুন 27, 2024 থেকে জুলাই 26, 2024 পর্যন্ত *প্রস্তাবিত 2024 সালের বার্ষিক কর্ম পরিকল্পনার* উপরে মন্তব্য জমা দেয়ার শেষ 30-দিনের সময়কাল ঘোষণা করেছে। আগামী জুলাই 18, 2024, বৃহস্পতিবার সন্ধ্যা 6:00-7:00 টা পর্যন্ত *প্রস্তাবিত 2024 সালের বার্ষিক কর্ম পরিকল্পনার* উপরে একটি ভার্চুয়াল শুনানি অনুষ্ঠিত হবে।

জনসাধারণকে 26 জুলাই, 2024 তারিখের কর্মঘণ্টা শেষ হওয়ার আগে প্রস্তাবিত 2024 সালের বার্ষিক কর্ম পরিকল্পনা সম্পর্কে লিখিত মন্তব্য জমা দেওয়ার জন্য নির্দেশনা দেওয়া হয়েছিল এই ঠিকানায়: Lisa Rambaran, নিউ ইয়র্ক সিটি সমন্বিত পরিকল্পনা কর্মসূচি ম্যানেজার, মেয়রের কার্যালয়, 253 Broadway 10th Floor, New York, New York 10007, ইমেইল: ConPlanNYC@cityhall.nyc.gov.

**5.** জনসাধারণের মন্তব্যের সারাংশ

**6.** যেসব মন্তব্য বা মতামত গ্রহণ করা হয়নি এবং কেন করা হয়নি তার কারণসমূহের সারাংশ

**7.** সারসংক্ষেপ



OMB নিয়ন্ত্রণ নং: 2506-0117 (মেয়াদ. 09/30/2021)